



প্রেস বিজ্ঞপ্তি

রোহিঙ্গা ক্যাম্প ও পার্শ্ববর্তী এলাকায় বিটিআরসি, স্থানীয় প্রশাসন ও র্যাভের যৌথ অভিযান
অবৈধ মোবাইল হ্যান্ডসেট-সিমকার্ড-ওয়াকিটকি জব্দ, জরিমানা প্রায় ১০ লক্ষ টাকা

ঢাকা, ৩১ জুলাই ২০২২।

কক্সবাজার জেলার উখিয়া-টেকনাফ থানার রোহিঙ্গা ক্যাম্প ও তার আশেপাশের বিভিন্ন এলাকায় স্থানীয় প্রশাসন ও র্যাভের সহযোগিতায় গত ২৭-২৮ জুলাই ২০২২ তারিখে অবৈধ টেলিযোগাযোগ সেবার বিরুদ্ধে অভিযান কার্যক্রম পরিচালনা করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। বিটিআরসি'র এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেটের পরিচালক এম. এ. তালেব হোসেনের নেতৃত্বে পরিদর্শক দল, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মো: তাজ উদ্দিন ও র্যাভ-১৫ এর হোয়াইক্যং ক্যাম্পের আভিযানিক দল এতে অংশগ্রহণ করেন। এ সময় উখিয়া থানার কুতুপালং বাজার, আলম মার্কেট, বখতিয়ার মার্কেট, উখিয়া বাজার এবং কোর্টবাজার এলাকার চৌধুরী মার্কেটে অভিযান পরিচালিত হয়।

অভিযানে ড্রামামাণ আদালতের মাধ্যমে অবৈধ ও নকল মোবাইল হ্যান্ডসেট, ওয়াকিটকি, অবৈধ সিম বিক্রয়কারী এবং অবৈধ ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানকে মোট নয় লক্ষ সত্তর হাজার টাকা জরিমানা এবং ১৩৬ টি অবৈধ ও নকল মোবাইল হ্যান্ডসেট, ওয়াকিটকি, অবৈধ সিম ও অন্যান্য অবৈধ টেলিযোগাযোগ যন্ত্রপাতি জব্দ করা হয়।

এছাড়াও উখিয়া থানাধীন কোর্টবাজার এলাকায় চৌধুরী মার্কেটের লাইসেন্সবিহীন ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের অফিসে অভিযান পরিচালনা করা হয়। এ সময় অবৈধ ইন্টারনেট সংযোগ দেওয়ার বিভিন্ন টেলিযোগাযোগ যন্ত্রপাতি জব্দ করা হয়। পরবর্তীতে বিটিআরসি'র পরিদর্শক দল লাইসেন্সবিহীন অবৈধ ইন্টারনেট সেবা প্রদানকারী বেলাল হোসেন সাঈদির বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ (সংশোধিত ২০১০) এর ৩৫(২)/৫৭(৩) ধারায় উখিয়া থানায় মামলা দায়ের করেন।

সরকারি আইন ও বিধি লঙ্ঘনকারী টেলিযোগাযোগ সেবাদানকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিটিআরসি'র এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালিত হবে।


প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র:
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

- ১। সচিব, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৩। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে


তারিখ: ৩১/০৭/২০২২
মো: জাকির হোসেন খান
উপ-পরিচালক
মিডিয়া কমিউ :এন্ড পাব: উই
বিটিআরসি
যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd